তারিখ 10 AUG 2016
পৃষ্ঠা ২০ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# কুমিল্লায় শিক্ষককে যৌন নির্যাতনের অভিযোগ

## বিক্ষোভের মুখে পিটিআই সুপার প্রত্যাহার

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লার প্রাইমারি টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই) এর সুপারিনটেনডেন্ট রাইহুল করিমের বিরুদ্ধে এক প্রশিক্ষণার্থী শিক্ষককে তুলে নিয়ে রাতভর যৌন নির্যাতনের অভিযোগ উঠেছে। এ ঘটনার প্রতিবাদে মঙ্গলবার শিক্ষক-প্রশিক্ষণার্থী ও এলাকাবাসী বিক্ষোভ সমাবেশ শেষে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান করেন। পরে আন্দোলনের মুখে বিকালে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের মাধ্যমে ওই কর্মকর্তাকে প্রত্যাহার করে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সংযুক্ত করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন জেলা প্রশাসক মোঃ হাসানুজ্জামান কল্লোল।

জানা যায়, নগরীর কালিয়াজুরি এলাকায় অবস্থিত পিটিআই এর সুপারিনটেনডেন্ট পদে রাইহুল করিম গত ২৭ জানুয়ারি যোগদান করেন। অভিযোগে উল্লেখ করা হয়, রাইহুল করিম গত ২৮ জুলাই রাতে প্রশিক্ষণার্থী এক নারী শিক্ষককে পিটিআই কার্যালয়ে আসতে বাধ্য করেন। পরে তিনি ওই প্রশিক্ষণার্থীকে ফেনী এলাকার একটি আবাসিক হোটেলে নিয়ে রাতভর যৌন নির্যাতন করেন। একপর্যায়ে ওই প্রশিক্ষণার্থী তাকে ব্লেড দিয়ে আঘাত করে পালিয়ে এসে বিষয়টি তার স্বামী ও সহকর্মীদের জানান। পরে বিষয়টি জেলার শিক্ষক নেতাদেরও জানানো হয়।

এ ঘটনা জানাজানি হলে এর প্রতিবাদে পৃষ্ঠা ২ কলাম ৭

## কুমিল্লায় শিক্ষককে

২০ পৃষ্ঠার পর

প্রশিক্ষণার্থী ও নগরীর বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকরা ফুঁসে ওঠেন। অভিযুক্ত সুপারিনটেনডেন্ট রাইহুল করিমের বিচার দাবি করে গতকাল বেলা ১১টার দিকে বিক্ষুব্ধ লোকজন পিটিআই'র সামনের সড়কে মানববন্ধন শেষে বিক্ষোভ মিছিল নিয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে অবস্থান নেন। পরে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির কেন্দ্রীয় সভাপতি সালেহা আক্তারের নেতৃত্বে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান করা হয়। স্মারকলিপিতে ওই কর্মকর্তার বিরুদ্ধে অধীনস্ত নারী সহকর্মী ও প্রশিক্ষণার্থীদের যৌন হয়রানি, কুরুচিপূর্ণ ও অশ্লীল কথাবার্তা, অঙ্গভঙ্গিসহ নানা অভিযোগ আনা হয়েছে।